গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬-২৫৮ তারিখঃ ১৮-০৭-২০১৭

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (মে/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০-০৫-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (মে/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (জুলাই,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ১৮-০৭-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

১৮/৭/১৭
(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov,com

কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০২। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৩। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৪। উপ-প্রকল্প পরিচালক, সমাপ্ত মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৫। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৬। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (মে/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ৯.৩০ ঘটিকা।
তারিখ : ২০ জুন , ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।
সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

১। আলোচ্য বিষয়-১: ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এপ্রিল, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.১	২৮-০৫-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)

২। আলোচ্য বিষয়-২: ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত এপ্রিল/২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে চাহিত অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ সংক্রান্ত রংপুর বিভাগের দিনাজপুর জেলা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে কোন তথ্য পাওয়া যায়নি। সভাপতি সংশ্লিষ্ট জেলা অফিস হতে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, গত ২৭/০৫/২০১৭ ইং তারিখ দৈনিক জনকণ্ঠ পত্রিকায় প্রকল্পের কার্যক্রমের উপর একটি রিপোর্ট প্রকাশিত হয়েছে, যা ইতোমধ্যে মহাপরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় চালুকৃত ২টি নতুন শস্যগুদামের মালামাল-এর পূর্ণাঙ্গ ইনভেন্টরী ইতোমধ্যে প্রস্তুত পূর্বক সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন মালামালের বিস্তারিত ইনভেন্টরী তৈরী করা হয়েছে। প্রকল্প কার্যালয়ে ব্যবহৃত মালামাল প্রকল্প শেষে চাহিদা অনুযায়ী বিতরনের জন্য ইনভেনটরি তৈরী পূর্বক অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার এবং শৈলকূপা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে দিয়ে যথাক্রমে ভবানীপুর বাজার এসেম্বল সেন্টার ও মদনডাঙ্গা বাজার এসেম্বল সেন্টার উদ্বোধন করা হয়েছে। আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করার কার্যক্রম অব্যাহত আছে।

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্প সভাকে জানান যে,সফটওয়ার তৈরির কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক তা তৈরীর বিষয়টি চলমান রয়েছে। ইতোমধ্যে একাধিক বার ঢাকা হতে প্রকাশিত 'সাপ্তাহিক বাংলা বার্তা' ও বিভিন্ন সংগঠনের সুবিনিরে প্রচারের উদ্যেশ্যে প্রকাশ করা হয়েছে। সংস্কারকৃত শস্যগুদামগুলো ধারাবাহিকভাবে চলমান রাখার নিমিত্ত অগ্রীম ভাড়া প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।সংশ্লিষ্ট